দৈনিক ইত্তেফাক

২৪/৮/২০০১

তারিখ ...
পৃষ্ঠা ২৬ কলাম ৩

# মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে উপজেলা পর্যায়ে কমিটি

ঝিনাইদহ সংবাদদাতা ।। সরকার শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য প্রতিটি উপজেলায় মাধ্যমিক শিক্ষা কমিটি গঠনের নির্দেশ দিয়াছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা পদাধিকার বলে এই কমিটির সভাপতি এবং উপবৃত্তি প্রকল্প কর্মকর্তা সদস্য সচিব থাকিবেন। ১২ই জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এই আদেশ দেওয়া হইয়াছে।

কমিটির অন্যান্য সদস্য থাকিবেন ফ্যাসিলিটিজ বিভাগের উপজেলার দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী, একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, একজন প্রধান শিক্ষক, মাদ্রাসার একজন অধ্যক্ষ বা সুপার, কলেজের একজন অধ্যক্ষ, জুনিয়র হাইস্কুলের একজন প্রধান শিক্ষক, একজন শিক্ষানুরাগী ব্যক্তি এবং স্কুলের ম্যানেজিং কমিটিসমূহের মধ্য হইতে একজন সভাপতি।

এই কমিটি স্ব স্ব উপজেলার শিক্ষার মানোন্নয়নের জন্য সার্বিক শিক্ষা ব্যবস্থা পর্যালোচনা শেষে কর্মসূচী গ্রহণ করিবে। উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠানও বাছাই করিবে এই কমিটি। প্রতি তিন মাসে এই কমিটি অন্ততঃ একবার অধিবেশন বসিবে। প্রয়োজনে কমিটি সরকার বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর সুপারিশ প্রদান করিবে। সংশ্লিষ্ট এলাকার সংসদ সদস্য এই কমিটির উপদেষ্টা থাকিবেন।